ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
**www.bb.org.bd**

এফইওডি সার্কুলার পত্র নম্বর ০১ তারিখঃ ০৭ জ্যৈষ্ঠ ১৪৩১ বাং
২১ মে ২০২৪ ইং

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা/কান্ট্রি ম্যানেজার
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি এডি ব্যাংক

প্রিয় মহোদয়,

**আমদানি ঋণপত্র/চুক্তিপত্রের বিপরীতে নম্বর প্রদান পদ্ধতি সামঞ্জস্যকরণ (Harmonized) প্রসঙ্গে।**


শীর্ষক বিষয়ে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগের ০১/১১/২০০১ তারিখের সার্কুলার পত্র নং- এফইপিডি(কম)২০৪/২০০১-১৭৯০ ও ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্টের ০৭/০৩/২০১৬ তারিখের পত্র নং- এফইওডি/ইমপোর্ট ট্রেড/৯২/২০১৬-১১৩৭ এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

০২) মাস্টার এক্সপোর্ট এলসি'র বিপরীতে টিটি/সেলস কন্ট্রাক্ট-এর মাধ্যমে পণ্য আমদানির জন্য Online Import Monitoring System এ ০৪টি নতুন এলসি Nature Code (যথাক্রমে ফরেন ব্যাক টু ব্যাক কন্ট্রাক্ট-এর ক্ষেত্রে কোড নং- ৩১ ও ৩২ এবং লোকাল ব্যাক টু ব্যাক কন্ট্রাক্ট-এর ক্ষেত্রে কোড নং- ৩৩ ও ৩৪) চালু করা হয়েছে এবং সংশ্লিষ্ট তথ্য রিপোর্টের ক্ষেত্রে মাস্টার এক্সপোর্ট এলসি'র রেফারেন্স ব্যবহারের বিষয়টি বাধ্যতামূলক করা হয়েছে।

০৩) উক্ত ০৪টি নতুন Code অন্তর্ভূক্ত হওয়ায় আমদানি ঋণপত্র/চুক্তিপত্রের ধরণ অনুযায়ী সিস্টেমে সর্বমোট ৩২টি Nature Code ব্যবহার করা যাবে। এর মধ্যে বৈদেশিক আমদানির জন্য ২৪টি (০১, ০২, ০৫, ০৬, ০৭, ০৮, ০৯, ১০, ১১, ১২, ১৫, ১৬, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ৩১, ৩২ ও ৯৯) এবং স্থানীয় আমদানির জন্য ০৯টি (০৩, ০৪, ১৩, ১৪, ১৭, ১৮, ৩৩, ৩৪ ও ৯৯) Code বরাদ্দ করা হয়েছে। উল্লেখ্য যে, ৯৯ Code উভয় ক্ষেত্রে প্রযোজ্য হবে। বৈদেশিক আমদানির ক্ষেত্রে পূর্বের ন্যায় ১২-অংক বিশিষ্ট (৯ম থেকে ১২তম অবস্থান Serial Number এর জন্য) এবং স্থানীয় আমদানির ক্ষেত্রে ১৩-অংক বিশিষ্ট (৯ম থেকে ১৩তম অবস্থান Serial Number এর জন্য) আইডি ব্যবহৃত হবে। Code অনুযায়ী ঋণপত্র/চুক্তিপত্রের প্রকৃতির বর্ণনা অপর পৃষ্ঠায় বিবৃত হল।

০৪) আপনাদের এডি শাখাসমূহ কর্তৃক উক্ত কোডসমূহ ব্যবহার করে সিস্টেমে যথাযথভাবে রিপোর্টিং নিশ্চিত করার পরামর্শ প্রদান করা হল।

আপনাদের বিশ্বস্ত,



**(মোঃ বায়েজীদ সরকার)**
পরিচালক (এফইওডি)
ফোনঃ +৮৮ ০২ ৯৫৩০১২৭

ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট
(ইমপোর্ট ট্রেড শাখা)

# LC/Contract Harmonized Code List

## Foreign LC/Contract (12 digit)

| | |
|---|---|
| 01 | Cash L/C(Sight) |
| 02 | Cash L/C(Usance) |
| 05 | Foreign BTB L/C(Sight) |
| 06 | Foreign BTB L/C(Usance) |
| 07 | L/C Under AID/Loan |
| 08 | L/C Under Special Trading Arrangement (STA) |
| 09 | Import From EPZ (Cash L/C)(Sight) |
| 10 | Import From EPZ (Cash L/C)(Usance) |
| 11 | Import From EPZ (BTB L/C)(Sight) |
| 12 | Import From EPZ (BTB L/C)(Usance) |
| 15 | Foreign Contract(DP) |
| 16 | Foreign Contract(DA) |
| 19 | Import by EPZ company from outside EPZ within country (Sight) |
| 20 | Import by EPZ company from outside EPZ within country (Usance) |
| 21 | Import by EPZ company from outside country (Sight) |
| 22 | Import by EPZ company from outside country (Usance) |
| 23 | Import by deemed exported manufacturing units under EDF facility |
| 24 | Foreign BTB LC by EPZ (Sight) |
| 25 | Foreign BTB LC by EPZ (Usance) |
| 26 | Import from Bangladesh by EPZ companies under BTB LC (Sight) |
| 27 | Import from Bangladesh by EPZ companies under BTB LC (Usance) |
| 31 | Foreign BTB Contract (BBDP) |
| 32 | Foreign BTB Contract (BBDA) |
| 99 | Others(L/C) |

## Local LC/Contract (13 digit)

| | |
|---|---|
| 03 | Inland BTB L/C(Sight) |
| 04 | Inland BTB L/C(Usance) |
| 13 | Local Contract(DP) |
| 14 | Local Contract(DA) |
| 17 | Import by EPZ company from EPZ company (Sight) |
| 18 | Import by EPZ company from EPZ company (Usance) |
| 33 | Inland BTB Contract (LBBDP) |
| 34 | Inland BTB Contract (LBBDA) |
| 99 | Others(L/C) |